

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৭৩০

তারিখ: ৬ কার্তিক ১৪২৬

২২ অক্টোবর ২০১৯

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের লক্ষ্যে সড়ক পথে মোট ১০০০ মে.টন গমের চলাচল সূচি।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১৭/১০/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১২.৫০.০০৩.১৯-৪৫৮৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলায় ইপি/ওপি ও ময়দাকলসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য সূত্রস্থ স্মারকে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। ব্রাহ্মণবাড়িয়া জেলায় ইপি/ওপি, ময়দাকলসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের লক্ষ্যে সাশ্রয়ী রুট বিবেচনায় আশুগঞ্জ সাইলো হতে সড়ক পথে মোট ১০০০ মে.টন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচল সূচিঃ

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---------|----------------|------------------|-------------------------|----------------|---------------|------|--|
| ১. | আশুগঞ্জ সাইলো | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া এলএসডি | ১০০০ | বস্তাবন্দি গম | সড়ক | জেখানি, ব্রাহ্মণবাড়িয়া উপ-সূচি জারি করবেন। |
| | | | মোট = | ১০০০ | | | |

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলিঃ

- ১। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং সকলক্ষেত্রে ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করতে হবে;
- ২। সূচীকৃত গম প্রাপক কেন্দ্রে প্রাপ্তির শতভাগ নিশ্চিত এবং গুদামজাত করতে হবে। সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং কারিগরি টিম কর্তৃক পরিদর্শনান্তে মজুতকৃত গম বিতরণের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে কোন প্রকার অনিয়ম বা বার্থতার দায় সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকে বহন করবেন।
- ৩। আখানি/চসনি/জেখানি (প্রযোজ্য ক্ষেত্রে) সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৫। সূচির আওতায় জীবিত কীট আক্রান্ত ও নিষ্প্রাণের কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ৩০/১০/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যাবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



২২-১০-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ
- ২) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৭৩০/১(৭)

তারিখ: ৬ কার্তিক ১৪২৬
২২ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



২২-১০-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক